সমকাল

তারিখ ..03 MAR 2016...
পৃষ্ঠা ...8... কলাম ...9...

# চবিতে পাহাড়ি ছাত্রদের দুই গ্রুপের সংঘর্ষ

■ চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) পাহাড়ি ছাত্রদের দুই গ্রুপ ইউপিডিএফ এবং জেএসএসের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। গতকাল রাতে চবির ২ নম্বর গেট এলাকায় এ সংঘর্ষের ঘটনা ঘটে। এ ঘটনায় অন্তত ৫ জন আহত হয়েছে। এ সময় ঘটনাস্থল থেকে একজনকে আটক করেছে পুলিশ।

আহতরা হলেন চবির আধুনিক ভাষা ইনস্টিটিউটের ছাত্র রিংকু চাকমা, পালি বিভাগের ছাত্র ভুবন চাকমা ও বাপ্পি চাকমা, নৃবিজ্ঞান বিভাগের ছাত্র কৃতিষ চাকমা এবং লোকপ্রশাসন বিভাগের ছাত্র হিমেল চাকমা। এ ঘটনায় জ্যোতিষ্ক চাকমা নামের একজনকে আটক করেছে পুলিশ। হাটহাজারী থানার সাব ইন্সপেক্টর খায়রুজ্জামান সমকালকে বলেন, বর্তমানে পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রণে রয়েছে। চবি প্রক্টর আলী আজগর চৌধুরী বলেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। সংঘর্ষের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে তদন্ত করে শাস্তির ব্যবস্থা নেওয়া হবে।